



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ  
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৬

১৫ পৌষ ১৪৩১  
তারিখ: -----  
৩০ ডিসেম্বর ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদের গঠন এবং পরিচালকগণের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কিত নীতিমালা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০২, তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-১২ এর মাধ্যমে পরিচালনা পর্ষদ ও সহায়ক কমিটির সভা অনুষ্ঠান, পরিচালকদের প্রদেয় সম্মানী ও অন্যান্য আর্থিক সুবিধাদি সংক্রান্ত বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়। এক্ষণে, সূত্রে উল্লিখিত সার্কুলারের অনুচ্ছেদ ১২.২ (খ) নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো :

“খ) ব্যাংক-কোম্পানীর পর্ষদ ও অন্যান্য কমিটির সভা যথাসম্ভব সীমিত সংখ্যক রাখা বাঞ্ছনীয়। তবে প্রয়োজনের নিরিখে কোনো মাসে ব্যাংক-কোম্পানীর পর্ষদ ও অন্যান্য কমিটির যত সংখ্যক সভাই অনুষ্ঠিত হোক না কেন, প্রতি মাসে পরিচালকগণ সর্বোচ্চ পরিচালনা পর্ষদ এবং নির্বাহী কমিটির সম্মিলিতভাবে ০৬ (ছয়) টি সভা, অডিট কমিটির ০১ (এক) টি সভা ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ০১ (এক) টি সভায় উপস্থিতির জন্য এরূপ সম্মানী প্রাপ্য হবেন;”

০৩। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০২, তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০২৪ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলা উদ্দিন)  
পরিচালক (বিআরপিডি)  
ফোন: ৯৫৩০০৯৫